## অধ্যায়-৪: যৌথ মূলধনী কোম্পানির মূলধন

১২৪. কোন শেয়ারের মালিকগণ ভোটাধিকার ভোগ করেন? (জ্ঞান) *[রাজশাহী কলেজ]*
ক) অগ্রাধিকার শেয়ার
খ) পরিবর্তনীয় অগ্রাধিকার শেয়ার
গ) সঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার
ঘ) সাধারণ শেয়ার **ঘ**

১২৫. শেয়ার অবহার কোম্পানির জন্য কী? (অনুধাবন) *[রাজশাহী কলেজ]*
ক) মূলধনের ক্ষতি খ) মুনাফা
গ) খরচ
ঘ) শেয়ার ক্রেতাদের প্রতি সৌজন্য **ক**

১২৬. কোন কোম্পানির পরিচালকবৃন্দকে পর্যায়ক্রমে অবসর গ্রহণ করতে হয়? (জ্ঞান) *[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক) প্রাইভেট লিমিটেড কোম্পানি
খ) পাবলিক লিমিটেড কোম্পানি
গ) বিধিবদ্ধ কোম্পানি
ঘ) সীমাহীন দায় কোম্পানি **খ**

১২৭. কোনো ঋণপত্র মূলধনে রূপান্তর হলে নিচের কোনটি হবে? (অনুধাবন) *[ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা]*
ক) পরিচালন বহির্ভূত খ) বিনিয়োগ বহির্ভূত
গ) উৎপাদন বহির্ভূত ঘ) অর্থায়ন বহির্ভূত **ঘ**

১২৮. অভিহিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে শেয়ার বিলি করাকে কী বলে? (অনুধাবন) *[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক) সমহারে শেয়ার ইস্যু
খ) অবহারে শেয়ার ইস্যু
গ) প্রিমিয়ামে শেয়ার ইস্যু
ঘ) বোনাস শেয়ার ইস্যু **গ**

১২৯. কোম্পানি আইন চালু হওয়ার পূর্বে রাষ্ট্রপ্রধানের আদেশ বলে গঠিত হতো কোনটি? (জ্ঞান) *[মাইলস্টোন কলেজ, ঢাকা]*
ক) বিধিবদ্ধ কোম্পানি
খ) সনদপ্রাপ্ত কোম্পানি
গ) নিবন্ধিত কোম্পানি
ঘ) হোল্ডিং কোম্পানি **ক**

১৩০. মুনাফার হার নির্দিষ্ট থাকে না কোন শেয়ারের? (অনুধাবন) *[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]*
ক) অগ্রাধিকার শেয়ার খ) সাধারণ শেয়ার
গ) বিলম্বিত দাবিযুক্ত শেয়ার
ঘ) নিবেদিত শেয়ার **খ**

১৩১. কোম্পানি সর্বোচ্চ কী পরিমাণ মূলধন শেয়ার বিক্রয়ের মাধ্যমে সংগ্রহ করতে পারে? (অনুধাবন) *[হলি ক্রস কলেজ, ঢাকা]*
ক) অলবকৃত মূলধন খ) আদায়কৃত মূলধন
গ) অনুমোদিত মূলধন ঘ) ইস্যুকৃত মূলধন **গ**

১৩২. শেয়ার হস্তান্তর কী? (অনুধাবন) *[ঢাকা সিটি কলেজ]*
ক) অপরিচালন ব্যয় খ) অপরিচালন আয়
গ) পরিচালন আয় ঘ) পরিচালন ব্যয় **খ**

১৩৩. নিচের কোনটি প্রতিষ্ঠানের মালিকানা তহবিলের অংশ? (অনুধাবন) *[ঢাকা কমার্স কলেজ]*
ক) প্রস্তাবিত লভ্যাংশ খ) শেয়ার অধিহার
গ) আয়কর সঞ্চিতি
ঘ) কর্মচারী কল্যাণ তহবিল **খ**

১৩৪. কোন ধরনের কোম্পানি অন্য কোম্পানির অর্ধেকের বেশি শেয়ারের অধিকারী? (অনুধাবন) *[বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]*
ক) বিদেশি খ) বহুজাতিক
গ) হোল্ডিং ঘ) সাবসিডিয়ারি **গ**

১৩৫. শেয়ার হোল্ডারদের প্রাপ্য লভ্যাংশ না দিয়ে শেয়ার পরিশোধ করা হলে তাকে কোন ধরনের শেয়ার বলে? (অনুধাবন) *[কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ, ঢাকা]*
ক) সাধারণ শেয়ার খ) অগ্রাধিকার শেয়ার
গ) বোনাস শেয়ার ঘ) রাইট শেয়ার **গ**

১৩৬. ইমন ৭ জন বন্ধুকে নিয়ে মার্ক কোম্পানি লিমিটেড নামে একটি বৃহদায়তন ব্যবসায় গঠন করেছে। মার্ক কোম্পানি লিমিটেডের সর্ব নিম্ন পরিচালকের সংখ্যা কত? (প্রয়োগ) *[মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা]*
ক) ৩ জন খ) ৭ জন
গ) ৯ জন ঘ) ১০ জন **ক**

১৩৭. সাধারণ সভার কতদিন পূর্বে প্রত্যেক শেয়ারহোল্ডারের কাছে নিরীক্ষিত বিবরণী পাঠাতে হয়? (অনুধাবন) *[উত্তরা কমার্স কলেজ, ঢাকা]*
ক) ১২ দিন খ) ১৪ দিন
গ) ১৫ দিন ঘ) ২১ দিন **ঘ**

১৩৮. কোম্পানির নামের শেষে লিমিটেড লেখার অর্থ কী? (অনুধাবন) *[ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর]*
ক) কোম্পানির দায় সীমাবদ্ধ
খ) শেয়ারহোল্ডারদের দায় সীমাবদ্ধ
গ) পরিচালকদের দায় সীমাবদ্ধ
ঘ) কোম্পানির মেয়াদ সীমাবদ্ধ **খ**

১৩৯. কোম্পানি চিরন্তন অস্তিত্বের অধিকার লাভ করে কখন? (অনুধাবন) *[ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর]*
ক) কোম্পানি নিজস্ব নামে গঠিত ও নিবন্ধিত হওয়ার আগে
খ) কোম্পানি নিজস্ব নামে গঠিত ও নিবন্ধিত হওয়ার পরে
গ) শেয়ার ও ঋণপত্র বিক্রির মাধ্যমে
ঘ) শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য হওয়ার পরে **খ**

১৪০. বিবরণপত্র প্রকাশ করতে হবে কোথায়? (জ্ঞান) *[পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]*
ক) টিভিতে খ) পত্রিকায়
গ) সাময়িকীতে ঘ) ইন্টারনেটে **খ**

১৪১. অপরিশোধ্য অগ্রাধিকার শেয়ারের মূল্য ফেরত দেয়া হয় কখন? (জ্ঞান) *[সরকারি মহিলা কলেজ, যশোর]*
ক) একটি নির্দিষ্ট সময় পর
খ) ৫ বছর পর
গ) বিলোপ সাধনের পূর্বে
ঘ) বিলোপসাধনের পরে **ঘ**

১৪২. কোন কোম্পানির শেয়ার অবাধ হস্তান্তর যোগ্য? (জ্ঞান) *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*
ক) পাবলিমক লিমিটেড খ) প্রাইভেট লিমিটেড
গ) সংবিধিবদ্ধ ঘ) সমবায় সমিতি **ক**

১৪৩. কোম্পানির প্রকৃত মালিক কারা? (জ্ঞান) *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*
ক) সাধারণ শেয়ার মালিকরা
খ) অগ্রাধিকার শেয়ার মালিকরা
গ) বিলম্বিত দায়যুক্ত শেয়ার মালিকরা
ঘ) বন্ড মালিকরা **ক**

Teachingbd.com

http://teachingbd.com

১৪৪. শেয়ার অবহার কোন ধরনের সম্পদ? (অনুধাবন)
*[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

ক) স্থায়ী খ) অবাস্তব
গ) চলতি ঘ) ত্বরিত **খ**

১৪৫. বর্তমানে বাংলাদেশে প্রযোজ্য কোম্পানি আইনটি ১৯৯৪ সালের কোন মাসে সংসদে পাস হয়? (জ্ঞান) *[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

ক) জুলাই খ) আগস্ট
গ) সেপ্টেম্বর ঘ) অক্টোবর **ক**

১৪৬. শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত? (জ্ঞান) *[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

ক) ১০% খ) ৮%
গ) ৫% ঘ) ৪% **ক**

১৪৭. কোম্পানি গঠনের পদক্ষেপ হলো — (অনুধাবন)
*[ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা]*

i. উদ্যোগ গ্রহণ
ii. দলিলপত্র দাখিল ও নিবন্ধিকরণ
iii. কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৪৮. কোম্পানি আইনানুযায়ী পরিমেল নিয়মাবলি নির্দেশ করে — (অনুধাবন) *[হলি ক্রস কলেজ, ঢাকা]*

i. পরিচালনকমণ্ডলীর কর্তৃত্ব ও অধিকার
ii. কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনার নিয়ম
iii. কোম্পানির অভ্যন্তরে নিয়োজিত ব্যক্তিবর্গের সম্পর্ক

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৪৯. রাইট শেয়ার বিলি করা হয় — (অনুধাবন) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]*

i. অধিক মূলধন সংগ্রহের জন্য
ii. পুরাতন শেয়ার মালিকদের মধ্যে নতুন শেয়ার বিতরণের জন্য
iii. কোম্পানির শেয়ারহোল্ডার সীমিত রাখার জন্য

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৫০. ইস্যুকৃত শেয়ার মূলধন থেকে বেশি হতে পারে না — (অনুধাবন) *[ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]*

i. অনুমোদিত শেয়ার মূলধন
ii. বিলিকৃত শেয়ার মূলধন
iii. তলবকৃত শেয়ার মূলধন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

১৫১. কোম্পানির ইস্যুকৃত মূলধনের পরিমাণ বাড়তে পারে — (অনুধাবন) *[বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম]*

i. শেয়ার বিলির মাধ্যমে
ii. রাইট শেয়ারের মাধ্যমে
iii. বোনাস শেয়ারের বিলি মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৫২. অগ্রাধিকারযুক্ত শেয়ার মালিকগণ অগ্রাধিকার পায় — (অনুধাবন) *[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

i. পরিচালক নির্বাচন
ii. লভ্যাংশ প্রাপ্তিতে
iii. মূলধন প্রত্যার্পনে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

১৫৩. বিলম্বিত দাবিযুক্ত শেয়ার ক্রয় করেন — (অনুধাবন)
*[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

i. প্রবর্তকগণ ii. দায়-গ্রাহকগণ
iii. পরিচালকগণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ১৫৪-১৫৫ নং প্রশ্নের উত্তর দাও।**

পূর্বাচল কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ৫,০০০ শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রির জন্য ইস্যু করলো। জনসাধারণের নিকট হতে ৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। *[ঢাকা ইম্পিরিয়াল কলেজ]*

১৫৪. পূর্বাচল কোম্পানির শেয়ার বিক্রির মাধ্যমে সংগৃহীত অর্থের পরিমাণ কত? (প্রয়োগ)

ক) ৫,০০,০০০ টাকা খ) ৪,৫০,০০০ টাকা
গ) ৯,৫০,০০০ টাকা ঘ) ১০,০০,০০০ টাকা **খ**

১৫৫. কোম্পানি ১০% অবহারে শেয়ার ইস্যু করায় লভ্যাংশ প্রদান করবে কত টাকা উপর? (প্রয়োগ)

ক) ৯০ টাকা খ) ১০০ টাকা
গ) ১১০ টাকা ঘ) ১২০ টাকা **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ১৫৬-১৫৮ নং প্রশ্নের উত্তর দাও।**

আলম কোং লি. প্রতিটি ১০ টাকা মূল্যে ৫০,০০০ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন ছিল। এর ৪০,০০০ শেয়ার ৯ টাকা করে ইস্যুকৃত ছিল। ৪৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো বণ্টিত হল এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হল। *[ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা]*

১৫৬. ফেরতকৃত আবেদনপত্রের মোট মূল্য কত? (প্রয়োগ)

ক) ৫০,০০০ টাকা খ) ৪৫,০০০ টাকা
গ) ৪০,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা **খ**

১৫৭. বছর শেষে কোম্পানির আদায়কৃত শেয়ার মূলধনের পরিমাণ কত? (প্রয়োগ)

ক) ৪,০০,০০০ টাকা খ) ৮০,০০০ টাকা
গ) ১,০০,০০০ টাকা ঘ) ৯৫,০০,০০০ টাকা **ক**

১৫৮. মোট শেয়ার অবহারের পরিমাণ কত? (প্রয়োগ)

ক) ৪০,০০০ টাকা খ) ৮০,০০০ টাকা
গ) ১,০০,০০০ টাকা ঘ) ৯৫,০০০ টাকা **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ১৫৯-১৬০নং প্রশ্নের উত্তর দাও:**

আহসান ব্রাদার্স লিমিটেড তার মোট মূলধনকে ১০ লক্ষ শেয়ার বিভক্ত করেছে, যার ১০০ টি শেয়ারের মূল্য ১০,০০০ টাকা। *[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

১৫৯. আহসান ব্রাদার্স লিমিটেড এর শেয়ার মূলধনের পরিমান কত? (প্রয়োগ)

ক) ১০ কোটি টাকা খ) ৫ কোটি টাকা
গ) ১২ কোটি টাকা ঘ) ৪ কোটি টাকা **ক**

১৬০. আহসান ব্রাদার্স লিমিটেড এর ১০ কোটি টাকা কোন ধরনের মূলধন? (প্রয়োগ)

ক) বিলিকৃত মূলধন খ) তলবকৃত মূলধন
গ) আদায়কৃত মূলধন ঘ) অনুমোদিত মূলধন **ঘ**

Teachingbd.com

http://teachingbd.com